গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং-কুসক-২০২১/ ৭২ তারিখঃ ১৭/০৬/২০২১ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion সংক্রান্ত

জরুরি বিজ্ঞপ্তিঃ

পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর স্মারক নং- জাতীঃবিঃ/পনি/অফিস/আদেশ/২০১২/০৩/২৮৭ তারিখঃ ১৬/০৬/২০২১ খ্রি. মোতাবেক সংশ্লিষ্ট সকল সম্মানিত অনার্স বিভাগীয় প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সব শিক্ষার্থী বিধিমোতাবেক ভর্তি ও রেজিষ্ট্রেশন অনলাইনে কোর্স সম্পন্ন, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ এবং ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছে সে সব শিক্ষার্থীদের মহামারি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিম্নলিখিত শর্তে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ২য় বর্ষে উন্নীত ঘোষণা করবে। ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সব অনিয়মিত শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরমপূরণ করেছে তাদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে। উল্লেখ্য, যে সব শিক্ষার্থী ২য় বর্ষে শর্ত সাপেক্ষে উন্নীত হবে তাদের কলেজওয়ারী তালিকা অন-লাইনে স্ব-স্ব কলেজ লগইনে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রেরণ করবে।

অনার্স ১ম বর্ষ থেকে অনার্স ২য় বর্ষে প্রমোশনের শর্তসমূহঃ

ক) ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অন-লাইন বা ফেস টু ফেস কোর্স সম্পন্ন করেছে।

খ) ১ম বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহনের জন্য ফরম পূরণ করেছে।

ঘ) মহামারি কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপেক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশী পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গণ্য হবে।

ঙ) সকল শিক্ষার্থী উল্লেখিত শর্ত মেনে নিয়ে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহণে রাজি আছে এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকার নামায় (কপি সংযুক্ত) শিক্ষার্থী স্বাক্ষর করে হাতে হাতে নিজ কলেজের স্ব স্ব অনার্স বিভাগে আগামী ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে জমা দিবে।

উল্লেখ্য, স্ব স্ব অনার্স বিভাগ সকল শিক্ষার্থীদের উক্ত অঙ্গীকার নামা জমা পাবার পর অনার্স বিভাগ ভিত্তিক সকল অঙ্গীকার নামা আগামী ০৩/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে কলেজের অনার্স শাখায় জমা দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সকল সম্মানিত অনার্স বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১৭/০৬/২০২১
(প্রফেসর কাজী মনজুর কাদির)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

কপি বিতরণ:-

১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২। সকল, বিভাগীয় প্রধান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪। ড. মোহাম্মদ আবুল কালাম আযাদ, সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান, তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫। হিসাব রক্ষক/ক্যাশিয়ার, শাখা সহকারী অনার্স, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬। সংরক্ষণ নথি।